

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর  
৩০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।

পত্র নং- বাঃ স্কাঃ (স্পেশাল ইভেন্টস)/৭৮৮(২৫০)/২০

তারিখ : ০২ কার্তিক, ১৪২৭  
১৮ অক্টোবর, ২০২০

আঞ্চলিক সম্পাদক

বাংলাদেশ স্কাউটস

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা/দিনাজপুর/ময়মনসিংহ/রেলওয়ে/নৌ/এয়ার অঞ্চল।

বিষয়: ২০২০ সনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত স্কাউটদেরকে স্বীকৃতি প্রদানের জন্য তালিকা প্রেরণের সময় বর্ধিতকরণ সম্পর্কীয়।

সূত্র: পত্র নং- বাঃ স্কাঃ (স্পেশাল ইভেন্টস)/৩৪৩৬(২৫০)/২০২০ তারিখ: ০৩ জুন ২০২০।


জনাব,

উপরোক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত পত্রের আলোকে বাংলাদেশ স্কাউটস স্পেশাল ইভেন্টস বিভাগের উদ্যোগে মেধাবী স্কাউটদেরকে স্বীকৃতি প্রদানের লক্ষ্যে আপনার অঞ্চলের আওতাধীন সকল জেলা থেকে ২০২০ সনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত স্কাউটদের নামের তালিকা (সফট ও হার্ড কপি) নিম্নবর্ণিত ছক মোতাবেক ১৫ জুলাই, ২০২০ তারিখের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু অধিকাংশ অঞ্চলের আওতাধীন সকল জেলা হতে আশাব্যঞ্জক সংখ্যক আবেদন পাওয়া যায়নি এবং উল্লেখিত পরিস্থিতি নিয়ে গত ১৭ অক্টোবর ২০২০ তারিখে জাতীয় কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আঞ্চলিক পরিচালক/ উপ পরিচালকগণের সমন্বয় সভায় আগামী ১৫ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে অঞ্চলের আওতাধীন সকল জেলা থেকে ২০২০ সনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত স্কাউটদের নামের তালিকা প্রেরণের জন্য সময় বৃদ্ধি করা হয়েছে।

ক্রমিক নং	জেলার নাম	স্কাউট এর তথ্যঃ		অভিভাবকের তথ্য :			শিক্ষা প্রতিষ্ঠানের নাম	ইউনিট লিডারের তথ্যঃ		পরীক্ষার নাম ও ফলাফল	স্কাউট যোগ্যতা	বাংলাদে শ স্কাউটস আইডি
		নামঃ	জন্ম নিবন্ধন সনদ নং	নাম	মোবাইল নম্বর	শিওরক্যাশ একাউন্ট নম্বর (যদি থাকে)		নাম	মোবাইল ও ই-মেইল			

উল্লেখ্য যে, স্কাউটদের নামের তালিকার সাথে আবশ্যিকভাবে তাদের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত মার্কশীট, আমার স্কাউট রেকর্ড বই ও জন্ম নিবন্ধন সনদের ফটোকপি প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত তথ্য জাতীয় সদর দফতর সার্বিক পর্যালোচনা করে স্বীকৃতি প্রদানের জন্য ২০২০ সনে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউট এর নাম চূড়ান্ত করবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

মেধাবী স্কাউটদের স্বীকৃতি প্রদান কার্যক্রমে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করি।

  
(আরশাদুল মুকাদ্দিস)  
নির্বাহী পরিচালক  
বাংলাদেশ স্কাউটস।

**বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

- ১। আঞ্চলিক উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ২। প্রফেশন্যাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা।

**সদয় জ্ঞাতার্থে :**

- ১। জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, জাতীয় কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস;
- ২। জাতীয় উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস) সকল, বাংলাদেশ স্কাউটস।